



# BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

"Made in Bangladesh with Pride"

BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector # 17, Uttara, Dhaka-1230, Hot Line : 09638012345  
E-mail : info@bgmea.com.bd, Web : www.bgmea.com.bd

Ref:

বিজিএ/কাস/২০২২/১৬৯

০২ আগস্ট, ২০২২

## সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ রপ্তানি উন্নয়ন ব্যুরো'র নিবন্ধন সনদ নবায়নের মেয়াদ বৃদ্ধিকরণ প্রসঙ্গে।

সূত্র : রপ্তানি উন্নয়ন ব্যুরোর বিজ্ঞপ্তি নং-২৬.০২.০০০০.০৫২.৪৭.৩২৯.৯৮/২৯৭৮ তারিখঃ ০১  
আগস্ট, ২০২২।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ করছি। যে সকল রপ্তানিমুখী তৈরী পোশাক শিল্প প্রতিষ্ঠান ২০২২-২০২৩ অর্থবছরে রপ্তানি উন্নয়ন ব্যুরো'র (ইপিবি) নিবন্ধন সনদ নবায়নের নিমিত্তে গত ৩১/০৭/২০২২ইং তারিখের মধ্যে ইপিবি'তে আবেদন করতে সক্ষম হয়নি সে সকল প্রতিষ্ঠান'কে আগামী ৩১/০৮/২০২২ইং তারিখের মধ্যে নির্ধারিত নবায়ন ফি ও প্রয়োজনীয় কাগজপত্রের কপিসহ (হালনাগাদ) আবেদন পত্র দাখিলপূর্বক নবায়ন করার বিষয়ে ইপিবি সূত্রোক্ত বিজ্ঞপ্তি জারী করেছে।

প্রয়োজনীয় কার্যার্থে ইপিবি কর্তৃক জারীকৃত বিজ্ঞপ্তিটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

ধন্যবাদান্তে,

মোঃ ফয়জুর রহমান  
মহাসচিব



## রপ্তানি উন্নয়ন ব্যুরো

টিসিবি ভবন  
১, কাওরান বাজার  
ঢাকা-১২১৫।



নং-২৬.০২.০০০০.০৫২.৪৭.৩২৯.৯৮/২৯৭৮

তারিখঃ ০১-০৮-২০২২ খ্রিঃ

### বিজ্ঞপ্তি

এতদ্বারা রপ্তানি উন্নয়ন ব্যুরোতে নিবন্ধিত সকল তৈরী পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক প্রতিষ্ঠানকে ২০২২-২০২৩ অর্থবছরের ইপিবি নিবন্ধন সনদ নবায়নের নিমিত্তে গত ৩১-০৭-২০২২ তারিখ পর্যন্ত ইপিবিতে আবেদন করতে সক্ষম হয়নি সে সকল প্রতিষ্ঠানকে আগামী ৩১-০৮-২০২২ তারিখের মধ্যে নির্ধারিত নিবন্ধন নবায়ন ফি এবং নিজস্ব লেটারহেড প্যাডে নিম্নোক্ত হালমেয়াদী কাগজপত্রের কপি সহ আবেদন পত্র দাখিলপূর্বক নবায়ন করার জন্য পুনরায় অনুরোধ জানানো হলো :

- ব্র্যাক ব্যাংকের মাধ্যমে ইপিবি'র অনুকূলে জমাকৃত টাঃ (৩০০০+৪৫০)=৩৪৫০/- (তিন হাজার চারশত পঞ্চাশ) ভ্যাটসহ পে-স্লিপ;
- ট্রেড লাইসেন্সের নবায়িত কপি;
- ই আর সি সনদের নবায়িত কপি;
- সংশ্লিষ্ট সমিতির সদস্য সনদের নবায়িত কপি;
- বভেড ওয়্যার হাউস লাইসেন্সের নবায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- ফায়ার সার্ভিস সনদপত্রের নবায়িত কপি;
- ফায়ার পলিসির নবায়িত কপি।

০২। উল্লেখ্য, আগামী ৩১ আগস্ট, ২০২২ তারিখের পর নিবন্ধন নবায়ন ব্যতীত রপ্তানি উন্নয়ন ব্যুরো থেকে কোন প্রকার সেবা (জিএসপি, সিও, সাপটা, সাফটা ও আপটা) প্রদান করা সম্ভব হবে না। আগামী ৩১ আগস্ট, ২০২২ তারিখের পর নির্ধারিত ফি বাবদ টাঃ (৩০০০+৪৫০)=৩৪৫০/- (তিন হাজার চারশত পঞ্চাশ) ভ্যাটসহ ও বিলম্ব ফি বাবদ টাঃ (২০০০+৩০০)=২,৩০০/- (দুই হাজার তিনশত) ভ্যাটসহ সর্বমোট টাঃ ৫৭৫০/- (পাঁচ হাজার সাতশত পঞ্চাশ) মাত্রের পে-স্লিপসহ হালমেয়াদী কাগজপত্রের সত্যায়িত কপি সহ আবেদনপত্র দাখিল করতে হবে। অন্যথায়, ৩১ আগস্ট ২০২২ তারিখের পরে নিবন্ধন নবায়ন ব্যতীত রপ্তানি উন্নয়ন ব্যুরো থেকে প্রদেয় জিএসপি, সিও, সাপটা, সাফটা, আপটা সনদ প্রদান ও REX বিষয়ক সেবাও প্রদান করা সম্ভব হবে না।

০৩। বিজিএমইএ ও বিকেএমইএ এবং অন্যান্য সমিতির সদস্যত্ব যুগ্মে যে সকল প্রতিষ্ঠান রপ্তানি উন্নয়ন ব্যুরোর চট্টগ্রাম ও নারায়ণগঞ্জ শাখা অফিসে সেবা গ্রহণ করে থাকে তাদের নিবন্ধন সনদ নবায়ন করতে ব্যুরোর চট্টগ্রাম আঞ্চলিক অফিস এবং নারায়ণগঞ্জ শাখা অফিসে নবায়নের আবেদন করতে পারবে।

HAK

০২/০৮/২২

(মোঃ মকবুল হোসাইন)  
গবেষণা কর্মকর্তা (বক্ত)

### বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১১. সভাপতি, বিজিএমইএ, কমপ্লেক্স, হাউজ#৭/৭এ, ব্লক# এইচ ১, সেটর# ১৭, উত্তরা, ঢাকা-১২৩০।
০২. সভাপতি, বিকেএমইএ, প্লানার্স টাওয়ার, সোনারগাঁও রোড, হাতিরপুল, ঢাকা।
০৩. সভাপতি, বিটিটিএলএমইএ, পল্টন টাওয়ার, ৮৭, পুরানো পল্টন লেন (৪র্থ তলা), ঢাকা।
০৪. সভাপতি, বিএসটিএমপিআইএ, পল্টন টাওয়ার, ৮৭, পুরানো পল্টন লেন (৩য় তলা), ঢাকা।
০৫. সভাপতি, বিটিএমএ, ইউনিক ট্রেড সেন্টার (লেভেল-৮), ৮ পঞ্চপথ, কাওরান বাজার, ঢাকা।
০৬. পরিচালক (তথ্য), রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা।
০৭. পরিচালক (বক্ত), রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা।
০৮. পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ১১০২/এ, মোস্তফা লেক্টার (৪র্থ তলা), আছাবাদ বা/এ, চট্টগ্রাম।
০৯. উপ-পরিচালক (অর্থ), রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা।
১০. প্রোগ্রামার, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (এই বিজ্ঞপ্তিটি ব্যুরোর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১১. গবেষণা কর্মকর্তা, রপ্তানি উন্নয়ন ব্যুরো, সান্তার টাওয়ার (৫ম তলা), এসএম মাল্লেহ রোড, টানবাজার, নারায়ণগঞ্জ।
১২. পি এ টু মহা-পরিচালক (বক্ত), রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (মহা-পরিচালক (বক্ত) মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৩. স্টাফ-অফিসার টু ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (ভাইস-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

আপনার সমিতির সদস্যদের মধ্যে প্রচারের জন্য অনুরোধ করা হলো।

Kalzar  
for ml  
2/8